

“প্রবাসীর কল্যাণ, মর্যাদা-আমাদের অঙ্গীকার
স্মার্ট বাংলাদেশ গড়ায় তারাও সমান অংশীদার ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইন্সটান গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
মনিটরিং অধিশাখা
www.probashi.gov.bd

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০৫৭.২৭.৫০৭.২৪-২৪৮

তারিখঃ ১৩-০৩-১৪৩১ বঙ্গাব্দ
২৭-০৬-২০২৪ খ্রিষ্টাব্দ


বিষয়: নতুন রিক্রুটিং লাইসেন্স ইস্যুর আবেদন অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ‘বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩’-এর ১৭(২) ধারা অনুযায়ী রিক্রুটিং এজেন্সি মেসার্স আল রাফিদ ট্রেড ইন্টারন্যাশনাল (আরএল ২০৪০) এর স্বত্বাধিকারী মৃত্যুবরণ করায় উত্তরাধিকারী হিসেবে মরহুমের স্ত্রী জনাব মোছাঃ রহিমা আক্তারের অনুকূলে পূর্বের লাইসেন্সের নাম ও নম্বর অপরিবর্তিত রেখে নতুন রিক্রুটিং লাইসেন্স ইস্যুর অনুমতি নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সরকার কর্তৃক অনুমোদন করা হয়েছে:

শর্তাবলী:-

- রিক্রুটিং এজেন্টকে আইন ও বিধি অনুযায়ী আচরণ ও কার্যক্রম পরিচালনা করতে হবে;
- আইন ও বিধির কার্যকারিতা বা সামগ্রিকতাকে ক্ষুণ্ণ না করে সরকার কর্তৃক আদেশ দ্বারা নির্ধারিত অন্যান্য শর্ত প্রতিপালন করতে হবে;
- বিএমইটি কর্তৃক পত্র জারীর ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে অবশ্যই লাইসেন্স ফি ও জামানত বাবদ অর্থ পে অর্ডারের মাধ্যমে মহাপরিচালক, বিএমইটি এর অনুকূলে জমা প্রদান করতে হবে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন, ২০১৮ এর ধারা ১৪(১)(গ) অনুযায়ী জামানতের উপর সুদ হিসেবে প্রাপ্ত অর্থ বোর্ডের তহবিলে জমা হবে। নির্ধারিত সময়ের মধ্যে ফি এবং জামানত বাবদ অর্থ জমাকরণে ব্যর্থ হলে কোনোরূপ নোটিশ প্রদান ব্যতিরেকে লাইসেন্স প্রদানের অনুমোদন বাতিল বলে গণ্য হবে;
- লাইসেন্সের প্রত্যেক মেয়াদে (০৩ বছর) রিক্রুটিং এজেন্টকে ন্যূনতম ২০০ (দুইশত) জন কর্মী বিদেশে প্রেরণ করতে হবে;
- নির্বাচিত কর্মীদের বিদেশে প্রেরণের পূর্বে অবশ্যই প্রশিক্ষণ প্রদান করতে হবে;
- রিক্রুটিং লাইসেন্স সংক্রান্ত বর্তমানে বলবৎ এবং ভবিষ্যতে সরকার কর্তৃক প্রণীতব্য সকল আইন ও বিধি-বিধান মেনে চলতে হবে;

০২। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মুফিদুর্গ আলিম)
উপসচিব
ফোন-০২-৫৫১৩৮০৮৬

dsmonitoring1@probashi.gov.bd

মহাপরিচালক (গ্রেড-০১)

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
- সিস্টেম এনালিস্ট (আইসিটি শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা [পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
- অতিরিক্ত সচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
- যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- স্বত্বাধিকারী, মেসার্স আল রাফিদ ট্রেড ইন্টারন্যাশনাল (আরএল ২০৪০), ট-৯৯ নবম তলা, গুলশান বাড্ডা লিং রোড, বাড্ডা, ঢাকা-১২১২
- অফিস কপি।